দৈনিক জনকণ্ঠ

তারিখ 29. APR. 2015
পৃষ্ঠা ২৫ কলাম ৫

# বাগেরহাটে অজ্ঞাত রোগে ২৫ শিক্ষার্থী অসুস্থ

স্টাফ রিপোর্টার, বাগেরহাট ॥ বাগেরহাটের সদর উপজেলার আড়পাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ে পরীক্ষা চলাকালীন আকস্মিক ২৫ ছাত্রী পর্যায়ক্রমে অসুস্থ হয়ে পড়েছে। এদের মধ্যে গুরুতর অসুস্থ অবস্থায় ১১ জনকে ফকিরহাট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। অন্যরা প্রাথমিক চিকিৎসা নিয়ে বাড়ি ফিরেছে। এ বিষয়ে উপজেলা শিক্ষা কর্মকর্তা ২ সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করেছে।

ফকিরহাট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স কেন্দ্রে ভর্তিকৃতরা হলো শামিরা খাতুন (১০), লিমা খাতুন (১০), লুবনা খাতুন (৯), ফারহানা আক্তার পলি (১০), সোমা (৯), আয়শা (১১), নাছিমা (১১), সিমা (৮), আঁখি মনি (১৪), স্বপ্না (১২) সম্পা (১০), সুমিত্রা (১১), চৈতী (১০), পিপাসা (১১), কা[illegible] (১১)।

আড়পাড়া সরকারী প্রথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ রফিকুল ইসলাম বলেন, মঙ্গলবার দুপুর সাড়ে ১২টার সময় ধর্ম পরীক্ষা শুরু হলে আধা ঘণ্টার মধ্যে শিক্ষার্থীদের অসুস্থ হয়ে পড়ে। অসুস্থরা ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণীর ছাত্রী।

পরে তাদের উদ্ধার করে পার্শ্ববর্তী ফকিরহাট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

এ ব্যাপারে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আর এম ও ডাঃ মোঃ রফিকুল ইসলাম গাজী জানান, অসুস্থদের ফুড পয়জনের কিছু পাওয়া যায়নি। এটা মাস হিস্টিরিয়া রোগ হতে পারে বলে তিনি প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে। শিক্ষক ও অভিভাবকদের ধারণা মতে টিউব ওয়েলের পানি ব্যবহার করার পর এ ঘটনা ঘটে। এ ঘটনায় স্কুল পাড়ায় আতঙ্ক ছড়িয়ে পড়ে।